



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/21/2023

গভর্নর ক্যাথি হোকল

2024 অর্থবছরের নির্বাহী বাজেটের অংশ হিসেবে মিড-হাডসনে আঞ্চলিক বিনিয়োগ সম্পর্কে গভর্নর হোকলের আলোকপাত

*এই বাজেটে আবাসন সংক্রান্ত অবকাঠামোতে অর্থায়নের জন্য 250 মিলিয়ন ডলার; পরিকল্পনা সহায়তার জন্য 20 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে*

*পরিবহন বিভাগের মূলধনী প্রকল্পগুলোর জন্য 240 মিলিয়ন ডলার এবং স্থানীয় সড়কগুলো মেরামতের জন্য 27 মিলিয়ন ডলার এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে*

গভর্নর ক্যাথি হোকল আজ তার 2024 অর্থবছরের নির্বাহী বাজেটের অংশ হিসেবে নিউ ইয়র্কের মিড হাডসন অঞ্চলে কর্মসংস্থান বৃদ্ধি করা এবং অর্থনীতি সমৃদ্ধ করার জন্য গুরুত্বপূর্ণ প্রস্তাবগুলো সম্পর্কে বিস্তারিত তথ্য ঘোষণা করেছেন। 2023 সালের স্টেট অব দ্যা স্টেট ঘোষণার সঙ্গে সঙ্গতি রক্ষা করে, এই বাজেটে এই অঞ্চলে আবাসন সরবরাহ বৃদ্ধি করা এবং অর্থনৈতিক সুযোগ-সুবিধা ও উদ্ভাবন বৃদ্ধি করার জন্য একটি বৃহৎ বিনিয়োগ অন্তর্ভুক্ত রয়েছে।

"মিড-হাডসন অঞ্চলে আবাসন, শিক্ষা, ও অবকাঠামো খাতে এসব উল্লেখযোগ্য বিনিয়োগ স্থানীয় কমিউনিটি ও অর্থনীতিকে সমৃদ্ধ করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ," **বলেছেন গভর্নর হোকল।** "এই অঞ্চলটি যাতে নিরাপদ, সাশ্রয়ী, এবং ভবিষ্যতের চ্যালেঞ্জগুলো মোকাবেলা করার মতো শক্তিশালী হয়ে উঠে তা নিশ্চিত করতে ইতোমধ্যে চলমান প্রচেষ্টাগুলোর সাথে এই তহবিল যোগ হচ্ছে এবং ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য আরো সমৃদ্ধ মিড-হাডসন অঞ্চল গড়ে তুলছে।"

আজ গভর্নর হোকলের ঘোষণা করা কয়েকটি বাজেট প্রস্তাব উচ্চ-সমৃদ্ধশীল শিল্পগুলোকে লক্ষ্য করে টার্গেটকৃত বিনিয়োগ, ব্যবসায়িক সহায়তা এবং অন্যান্য কর্মসূচির মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটজুড়ে অর্থনৈতিক সুযোগ-সুবিধা ও উদ্ভাবন সম্প্রসারণ করার মাধ্যমে কর্মসংস্থান ও ব্যবসা প্রতিষ্ঠান বৃদ্ধির জন্য 2023 সালের স্টেট অব দ্যা স্টেট ভাষণে ঘোষণা করা [অর্থনৈতিক উদ্ভাবন পরিকল্পনার](#) সাথে সঙ্গতিপূর্ণ। গভর্নরের বাজেটে স্টেটজুড়ে উচ্চ শিক্ষায় বিনিয়োগ করার এবং স্থানীয় আকর্ষণগুলো উন্নত করার কয়েকটি উদ্যোগ অন্তর্ভুক্ত রয়েছে। মিড-হাডসন অঞ্চলের জন্য এই পরিকল্পনার মধ্যে রয়েছে:

- মিড-হাডসন ভ্যালি অঞ্চলের জন্য 3.6 বিলিয়ন ডলারের স্কুল সহায়তা
- ফাউন্ডেশন সহায়তা 451.5 মিলিয়ন ডলার বৃদ্ধি করা

- আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা কমানোর জন্য 337 মিলিয়ন ডলারের পরিকল্পনা
- 250 মিলিয়ন ডলারের আবাসন অবকাঠামো তহবিল এবং পরিকল্পনা সহায়তার জন্য 20 মিলিয়ন ডলার
- DOT-এর মূলধনী প্রকল্পগুলোর জন্য 240 মিলিয়ন ডলার, যার মধ্যে রয়েছে:
  - সেতু মেরামত/প্রতিস্থাপনের জন্য 51 মিলিয়ন ডলার
  - কিংসটনে উর্টস স্ট্রিট ব্রিজের জন্য 45 মিলিয়ন ডলার
  - নতুন রুট 17 র‍্যাম্পের জন্য 30 মিলিয়ন ডলার
- বেয়ার মাউন্টেন স্টেট পার্কের জন্য 60 মিলিয়ন ডলার
- আসক্তি সংক্রান্ত পরিষেবার অর্থায়নের জন্য 57 মিলিয়ন ডলার
- GO SEMI: গভর্নর্স অফিস অব সেমিকন্ডাক্টর এক্সপ্যানশন, ম্যানেজমেন্ট, এন্ড ইন্টিগ্রেশন (Governor's Office of Semiconductor Expansion, Management, and Integration)-এর জন্য 45 মিলিয়ন ডলার, যা আপস্টেট নিউ ইয়র্ক জুড়ে সেমিকন্ডাক্টর উৎপাদন শিল্পের সম্প্রসারণে সহায়তা করবে।
- স্থানীয় সড়কগুলো মেরামতের জন্য 27 মিলিয়ন ডলার
- বেলেয়ারি মাউন্টেনের জন্য 14.8 মিলিয়ন ডলার
- ভেটেরান পিয়ার-টু-পিয়ার পরিষেবার জন্য 1.3 মিলিয়ন ডলার
- আশেপাশের এলাকা ও গ্রামীণ সংরক্ষণ কর্মসূচির জন্য 1.5 মিলিয়ন ডলার

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন,** "আইকনিক প্রাকৃতিক সৌন্দর্যের ঠিকানা এবং শিক্ষা ও উদ্ভাবনের ক্ষেত্রে শীর্ষ-পর্যায়ের একটি হাব হিসেবে মিড-হাডসন অঞ্চল সাম্প্রতিক বছরগুলোতে ক্রমবর্ধমান সংখ্যক দর্শনার্থী ও নতুন অধিবাসীদেরকে আকৃষ্ট করছে। গভর্নর হোকলের নির্বাহী বাজেট বাড়তি আবাসন, অবকাঠামো, ও অর্থনৈতিক সুযোগ-সুবিধার জন্য কৌশলগত বিনিয়োগের প্রয়োজন স্বীকার করছে, যে বিনিয়োগ এই অঞ্চলের দীর্ঘমেয়াদী প্রবৃদ্ধি অর্জনে সহায়তা করবে এবং তা নিশ্চিত করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418